ঝিনাইদহে ধান কাটার উদ্বোধন করলেন জেলা প্রশাসক

ঝিনাইদহ:: ঝিনাইদহের কালিগঞ্জে কম্বাইন্ড হারভেস্টার মেশিন দিয়ে ধান কাটার উদ্বোধন করেছেন জেলা প্রশাসক আব্দুল আওয়াল। মঙ্গলবার (২৯ এপ্রিল) সকালে উপজেলা কৃষি অফিসের আয়োজনে ভাটপাড়া গ্রামে হাসানুজ্জামান এর জমিতে এই মেশিনের সাহায্যে ধান কাটার উদ্বোধন করা হয়।

এসময় উপস্থিত ছিলেন, ঝিনাইদহ জেলা কৃষি সম্প্রসারণ বিভাগের উপ-পরিচালক ষষ্টি চন্দ্র রায়, কালিগঞ্জ উপজেলা নির্বাহী অফিসার দেদারুল ইসলাম, উপজেলা কৃষি অফিসার মাহবুব আলম রনি সহ আরো অনেকে।

কালিগঞ্জ উপজেলা কৃষি কার্যালয় সূত্রে জানা যায়, এ মেশিন দিয়ে একসঙ্গে ধান কাটা, মাড়াই ও বস্তাবন্দি করার এক আধুনিক যন্ত্র। কম্বাইন্ড হারভেস্টার মেশিনের বর্তমান বাজারমূল্য মেশিন অনুপাতে ৩০ থেকে ৩৫ লক্ষ টাকা। এর মধ্যে সরকারিভাবে ৫০% ভর্তুকি দেওয়া হয়েছে। এছাড়া ২০২৩-২৪ অর্থবছরে উপজেলায় সরকারিভাবে ভর্তুকি মূল্যে এ কম্বাইন্ড হারভেস্টার মেশিন ৫ জন কৃষক সংগ্রহ করেন। এ মেশিন ভাড়ায় নিয়ে কৃষকরা জমির ফসল কাটাতে পারবেন। এতে কৃষকের অর্ধেকের বেশি খরচ ও সময় কমে যাবে, ফলে মেশিনটি ব্যবহারে লাভবান হচ্ছেন কৃষকরা।

ঝিনাইদহ জেলা কৃষি সম্প্রসারণ বিভাগের উপ-পরিচালক ষষ্টি চন্দ্র রায় জানান, এ কম্বাইন্ড হারভেস্টার মেশিন ঘণ্টায় ১ একর জমির ধান কাটতে স¶ম। এটি দিয়ে ধান ছাড়াও গম, ভূট্টা কাটা, মাড়াই ও ছাটা সম্ভব। কৃষক নিজের ফসল কাটা শেষে ভাড়ায় অন্যের জমিতে ফসল কাটাতে পারবেন। এ¶◌েত্রে একরপ্রতি মেশিন ভাড়া বাবদ সাড়ে ৭ হাজার টাকা নিতে পারবে। তিনি আরও জানান, শ্রমিক দিয়ে একই পরিমাণ জমির ধান কাটার খরচ পড়বে প্রায় ১৪ হাজার টাকা। এই যন্ত্র ব্যবহারে প্রাকৃতিক দূর্যোগ কিংবা শ্রমিক সংকটে কৃষকরা উপকৃত হবেন।

কম্বাইন হারভেস্টার দিয়ে স্বল্প সময়ে ধান কেটে, মাড়াই ও বস্তাবন্দি করতে পেরে স্বস্তিতে জেলার কৃষক-কৃষাণীরা।